31

তারিখ ... 03 APR 1996 ...
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক ইত্তেফাক

ভিসির সভাপতিত্বে ছাত্র নেতৃবৃন্দের বৈঠক

# ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে অনুষ্ঠিত এক

( ১১শ পৃ: ৫-এর কঃ দ্রঃ )

## ক্যাম্পাসে

(১ম পৃঃ পর)

বৈঠকে- ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার স্বার্থে কোনরূপ উস্কানিমূলক, অশালীন ও আপত্তিকর বক্তব্য, শ্লোগান ও অন্যান্য কার্যক্রম না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ছাত্রনেতৃবৃন্দ এই লক্ষ্যে ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধৈর্য, সহনশীলতা ও সম্প্রীতির পরিবেশ বজায় রাখার জন্য ইতিবাচক ভূমিকা পালনের আহ্বান জানান হয়। বৈঠকে সাম্প্রতিক সময়ের ক্যাম্পাস নিয়া বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

বৈঠকে সকল ছাত্র সংগঠনকে আমন্ত্রণ জানান হইলেও ছাত্রদল বৈঠক বর্জন করে। অন্যান্য ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগের (শা-পা) সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, ছাত্রলীগের (কা-চু) আবদুল্লাহিল কাইয়ুম, ছাত্র ইউনিয়নের সাজ্জাদ জহির চন্দন, আসলাম খান, ছাত্র মৈত্রীর জিয়াউল হক জিয়া, ছাত্রফ্রন্টের নুরুল ইসলাম প্রমুখ।

ছাত্র নেতৃবৃন্দ ডাকসু বাতিলের দাবী জানান এবং বিগত দিনে যাহারা ছাত্র হত্যা, শিক্ষক লাঞ্ছিতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানান। হল প্রশাসনের নিরপেক্ষ মিকা-কামনা করা হয়।